



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

১৬ ফেব্রুয়ারি ২০২৫

তারিখ: -----

০৩ ফাল্গুন ১৪৩১

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

শতভাগ বৈদেশিক মুদ্রা অর্জনকারী কাঁচাপাট রপ্তানিকারকগণের বিরাজমান সমস্যা সমাধান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭, তারিখ: ০৭ জুলাই ২০২২ এর সাথে সংযুক্ত আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৯ জুন ২০২২ তারিখের স্মারক নং-৫৩.০০.০০০০.৩৩১.৩৮.০০৫.২১.১৬৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- কাঁচাপাট রপ্তানিকারকগণের বিরাজমান সমস্যাসমূহ সমাধানের লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত বিষয়ক উল্লিখিত স্মারকটি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইতঃপূর্বে আপনাদেরকে প্রেরণ করা হয়। এক্ষণে, সরকার কর্তৃক এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ঋণ স্থিতির ২% ডাউন পেমেন্ট গ্রহণপূর্বক পুনরায় ২(দুই) বছরের মরটরিয়াম সুবিধা প্রদান করা যাবে। এক্ষেত্রে, গ্রাহকের ৩১ মার্চ ২০২৪ তারিখ ভিত্তিক বিদ্যমান ঋণ স্থিতি বিবেচনায় নিতে হবে। এতদ্ব্যতীত, উল্লিখিত স্মারকে বর্ণিত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.fid.gov.bd



স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৮.০০৫.২১.১৬৯

তারিখ: ১৫ আষাঢ়. ১৪২৯

২৯ জুন ২০২২

বিষয়: কাঁচাপাট রপ্তানীকারকগণের বিরাজমান সমস্যা সমাধানের মাধ্যমে ব্যবসায় ফিরিয়ে আনা।

সূত্র: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের পত্র নম্বর: ৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৭-১০৯ তারিখ: ২৪-০৪-২০১৭খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত পত্রের পরিপ্রেক্ষিতে কাঁচাপাট রপ্তানীকারকদের বিরাজমান সমস্যাবলী সমাধানের লক্ষ্যে সরকার নিম্নরূপ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

- ক) কাঁচাপাট রপ্তানীকারক ঋণগ্রহীতাদের ৩১ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ ভিত্তিক ঋণ হিসাবের মোট দায় নিরূপণপূর্বক ব্লক একাউন্টে স্থানান্তর করে ২ বছরের মরটরিয়াম সুবিধাসহ ১০ বছরে পরিশোধের সুবিধা প্রদান করা;
- খ) এক্ষেত্রে ঋণগ্রহীতাদের ঋণ হিসাবের অনারোপিত সুদ ১০০% এবং আরোপিত সুদ বিধি মোতাবেক মওকুফ বিবেচনা করা;
- গ) ব্লক সুবিধা প্রদানের ক্ষেত্রে ন্যূনতম ২% হারে ডাউন পেমেন্ট আদায় করা;
- ঘ) ব্লক একাউন্টে স্থানান্তরিত ঋণের উপর Cost of fund হারে সুদ আরোপ করা;
- ঙ) প্রতি রপ্তানী বিল/বিক্রয় বিল হতে মরটরিয়াম পিরিয়ডে বিল মূল্যের ২% এবং মরটরিয়াম পিরিয়ড পরবর্তীতে সর্বোচ্চ ৫% কেস টু কেস ভিত্তিতে নিয়মিত কর্তনপূর্বক ফান্ড ডেভেলপমেন্ট করা যা কিস্তি সমন্বয়ে ব্যবহার করা;
- চ) নতুন ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে ন্যূনতম জমা গ্রহণের বিষয়ে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক স্বীয় বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করা;
- ছ) ঋণের বিপরীতে জামানতের বিষয়ে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুসরণ/পরিপালন করা;
- জ) সার্কুলার জারীর ৬ (ছয়) মাসের মধ্যে ২% ডাউন পেমেন্ট (এফডিআর এর উপর অর্জিত সুদ + নগদ) জমা দিয়ে যারা আবেদন করতে ব্যর্থ হবেন তাদের ক্ষেত্রে এফডিআর নগদায়নপূর্বক ঋণ হিসাবে জমা করতঃ অবশিষ্ট পাওনা আদায়ের নিমিত্ত প্রচলিত নীতিমালার আলোকে আইনগত ব্যবস্থা গ্রহণ করা; এবং
- ঝ) ঋণ হিসাবগুলি ব্লক একাউন্টে স্থানান্তর হয়ে গেলে বিচারাধীন এ সংক্রান্ত চলমান মামলাগুলো সোলেনামার মাধ্যমে উভয়পক্ষ কর্তৃক নিষ্পত্তি করার বিধান রাখা।

২। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-৬-২০২২

মোঃ জাহিদ হোসেন